

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
 জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

(শুষ্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ/১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও, নং ১৯৭-আইন/২০১০/২৩১৫/শুষ্ক।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 207 ও section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Act এর THIRD SCHEDULE এর Item 21 এর সহিত পঠিতব্য, জাতীয় রাজস্ব বোর্ড, ফ্রেইট ফরওয়ার্ডার্স (লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত বিধিমালার-

- (ক) বিধি ৩ এ উল্লিখিত “ Customs Agents (Licensing) Rules, 1986 এর Rule 2(f) এর অধীন গঠিত লাইসেন্সিং কর্তৃপক্ষ” শব্দগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনীগুলির পরিবর্তে “কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ এর বিধি ৩ এর অধীন গঠিত লাইসেন্সিং কর্তৃপক্ষ” শব্দগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) বিধি ৫ এর দফা (গ) তে উল্লিখিত “এবং আই, টি-১০ (বি)” শব্দগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনীটি বিলুপ্ত হইবে”;
- (গ) বিধি ৬ এর উপ-বিধি (৩) এর “২০ (বিশ) কার্য দিবসের” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীটির পরিবর্তে “৪৫ (পঁয়তাল্লিশ) কার্য দিবসের” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীটি প্রতিস্থাপিত হইবে; এবং
- (ঘ) বিধি ৯ এর উপ-বিধি (২) এর দফা (গ) তে উল্লিখিত “এবং আইটি-১০(বি)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীটি পরিবর্তে “এবং হালনাগাদ পরিশোধিত আয়কর সনদ” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীটি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ রেজাউল হক)

দ্বিতীয় সচিব (শুষ্ক)।